

সোনালী ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা।

শিক্ষাবৃত্তি-২০১৬ এর জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্র দাখিল সংক্রান্ত বিজ্ঞপ্তি।

সিএসআর(CSR) কার্যক্রমের আওতায় সোনালী ব্যাংক লিমিটেড-এর ২০১৬ সালের শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের আগামী ০২ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/হাতে হাতে নিম্নোক্ত কাগজপত্রাদি মানব সম্পদ উন্নয়ন বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়(৬ষ্ঠ তলা), ৩৫-৪৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ সরবরাহের জন্য পরামর্শ দেয়া গেল :

- (ক) প্রাথমিক বাছাইয়ে নির্বাচিত আবেদনকারী কর্তৃক প্রিন্টকৃত Online Application Form (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলমোহরযুক্ত সুপারিশসহ) এবং এর এক সেট ফটোকপি ;
- (খ) বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়ন সনদ ;
- (গ) একাডেমিক ট্রান্সক্রীপ্ট/সনদ এর সত্যায়িত কপি ;
- (ঘ) নাগরিকত্ব সনদ ;
- (ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে শিক্ষার্থীর অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র (অভিভাবকের পেশা এবং আনুমানিক মাসিক আয় উল্লেখ থাকতে হবে) ও চাকুরীরত অভিভাবকদের পদবী ও বেতন স্কেল উল্লেখসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র;
- (চ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে সম্পর্ক সংক্রান্ত সনদ এবং
- (ছ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/জেলা সমাজসেবা কার্যালয়/ উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ।

ডেপুটি জেনারেল ম্যানেজার  
মানব সম্পদ উন্নয়ন বিভাগ  
সোনালী ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা।

